

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী


সভাপতি	মো: জাহাঙ্গীর আলম আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সভার তারিখ	১৫/১২/২০২১ খ্রি.
সভার সময়	বিকাল ৩-০০ ঘটিকা
স্থান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ
উপস্থিতি	হাজিরা বিবরণী সংযুক্ত

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের অন্তরায় ও প্রতিকার	সভাপতি আলোচনার শুরুতেই বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। তাই শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। সভাপতি বলেন, কর্মকর্তা-কর্মচারীগণের সদিচ্ছা থাকলে দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও বাস্তবায়ন সম্ভব। এরপর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করা হয়। এতে দেখা যায়, ২য় কোয়ার্টারে কার্যক্রম ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠান), ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন), ১.৬ (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ) ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। কার্যক্রম ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) বাস্তবায়নের জন্য ইতোমধ্যে নেজারত শাখার অনুকূলে আদেশ জারী করা হয়েছে এবং সে আলোকে কার্যক্রম চলমান আছে। কার্যক্রম ২.১ এবং ৩.১ হতে ৩.৫ এর বিষয়ে নিম্নরূপ নির্দেশনা বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :	১। খাদ্য অধিদপ্তর হতে বিভাজনকৃত অর্থের আলোকে আঃগমী ০৩ (তিন) দিনের মধ্যে ক্রয় পরিকল্পনা দাখিলের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল বরাবরে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
		১। খাদ্য অধিদপ্তর হতে বিভাজনকৃত অর্থের আলোকে আঃগমী ০৩ (তিন) দিনের মধ্যে ক্রয় পরিকল্পনা দাখিলের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী বরাবরে পত্র প্রেরণ করতে হবে।		

<p>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের প্রতিটি অফিস কক্ষ ও ওয়াশ রুমে বিদ্যুৎ ও পানির সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ক নির্দেশনা সম্বলিত পোস্টার টানাতে হবে।</p>	<p>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের প্রতিটি অফিস কক্ষ ও ওয়াশ রুমে আগামী ০৩ দিনের মধ্যে বিদ্যুৎ ও পানির সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ক নির্দেশনা সম্বলিত পোস্টার টানাতে হবে।</p>	<p>নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
<p>৩। শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন দপ্তরসমূহকে তাগিদপত্র প্রদান করতে হবে।</p>	<p>৩। শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহকে আগামী ৩ (তিন) দিনের মধ্যে পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে।</p>	<p>প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
<p>৪। যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া, অফিস সময়ে বিনা অনুমতিতে কর্মস্থলের বাইরে না যাওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করার জন্য সতর্ক করে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>৪। যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া, অফিস সময়ে বিনা অনুমতিতে কর্মস্থলের বাইরে না যাওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করার জন্য সতর্ক করে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>
<p>৫। নৈতিকতা সম্পর্কিত নতুন পোস্টার/লিফলেট/ভাজ তৈরি ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>৫। আগামী ০৭ দিনের মধ্যে নৈতিকতা সম্পর্কিত নতুন ৫০ (পঞ্চাশ) টি পোস্টার/লিফলেট/ভাজ তৈরি ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।</p>

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.৩০৩০

তারিখ: ৫ পৌষ ১৪২৮


২০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি/বরিশাল/ভোলা/পিরোজপুর
- ৩) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৪) সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৫) আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৬) শাখা প্রধান, মজুদ/হিসাব/নেজারত/অডিট/মাননিয়ন্ত্রণ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল



মো: জাহাঞ্জীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক